দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP. 1 4 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

## স্কার্ফ পরায় ছাত্রী বহিষ্কার

# কর্তব্যরত সাংবাদিকদের সংবাদ সংগ্রহে হুমকি দেয়ার তীব্র নিন্দা

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** চট্টগ্রাম ইস্পাহানী পাবলিক স্কুল ও এন্ড কলেজে স্কার্ফ পরার কারণে এক ছাত্রীকে কলেজ থেকে বহিষ্কার করার ঘটনা এবং এ সংক্রান্ত সংবাদ সংগ্রহে কর্তব্যরত সাংবাদিককে হুমকি প্রদানের তীব্র নিন্দা জানিয়ে বাংলাদেশ মানবাধিকার সাংবাদিক সংস্থা চট্টগ্রাম শাখার সাধারণ সম্পাদক আলহাজ হেলাল হুমায়ূন এক বিবৃতি দিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, পর্দা করা ইসলামী তাহজীব-তমদ্দুনের অংশ। এটা ধর্মীয় কর্তব্য ও অধিকার। একজন মুসলিম ছাত্রীকে স্কার্ফ পরতে বারণ করা এবং এ কারণে কলেজ থেকে বের করে দেয়া মানবাধিকার লংঘনের শামিল। তিনি বলেন, বাংলাদেশে বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুলে পর্দা করা বা স্কার্ফ পরার ব্যাপারে কোনও বাধা নেই, বরং পূর্ণ স্বাধীনতা রয়েছে। সেখানে পাবলিক স্কুল এন্ড কলেজে পর্দা করার কারণে বহিষ্কার করার ঘটনা সবাইকে হতবাক করেছে। তিনি বলেন, এই গুরুতর ঘটনার 'সংবাদ সংগ্রহে' নিয়োজিত সাংবাদিককে কলেজ অধ্যক্ষার হুমকি প্রদানের বিষয়টি 'পেশাগত' কাজে বাধাদানেরই নামান্তর। এটি সংবাদপত্রের স্বাধীনতার প্রতিও হুমকি। তিনি মানবাধিকার লংঘনের এই গুরুতর ঘটনার ব্যাপারে সরকার, সংশ্লিষ্ট প্রশাসন ও সচেতন জনগণকে সোচ্চার হওয়ার আহবান জানান।